

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ৫, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য মন্ত্রণালয়  
প্রেস-২ শাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ০৮ পৌষ ১৪২৬/২৩ ডিসেম্বর ২০১৯

নং ১৫.০০.০০০০.০২০.০৬.০০১.১২.৫৭২—সরকার 'তথ্য অধিকার আইন-২০০৯' এর ধারা ১৪ (১) অনুযায়ী তথ্য কমিশন-এর ১ (এক) জন তথ্য কমিশনার নিয়োগের সুপারিশ প্রদানের উদ্দেশ্যে নিম্নরূপভাবে ৫ (পাঁচ) সদস্য-বিশিষ্ট একটি বাছাই কমিটি গঠন করিলেন :

|     |   |   |        |
|-----|---|---|--------|
| (ক) | জনাব মোঃ নূরুজ্জামান, মাননীয় বিচারপতি, বাংলাদেশ সুপ্রিম কোর্ট আপীল বিভাগ, ঢাকা | - | সভাপতি |
| (খ) | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ   | - | সদস্য  |
| (গ) | জনাব মুহাম্মদ শফিকুর রহমান, মাননীয় সংসদ সদস্য ২৬৩, চাঁদপুর-৪                   | - | সদস্য  |
| (ঘ) | জনাব ফখরুল ইমাম, মাননীয় সংসদ সদস্য ১৫৩, ময়মনসিংহ-৮                            | - | সদস্য  |
| (ঙ) | জনাব আবেদ খান, সম্পাদক, দৈনিক জাগরণ   | - | সদস্য  |

২। কমিটির কার্যপরিধি :

গঠিত বাছাই কমিটি 'তথ্য অধিকার আইন-২০০৯' এর ধারা ১২(১), ১৪(৪) ও ১৫(৫) অনুযায়ী তথ্য কমিশন-এর ০১ (এক) জন তথ্য কমিশনার নিয়োগের নিমিত্ত সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ সিদ্ধান্তের ভিত্তিতে, প্রতিটি শূন্য পদের বিপরীতে ২ (দুই) জন ব্যক্তির নাম র‌ষ্ট্রপতির নিকট সুপারিশ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

রুজিনা সুলতানা  
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৪৯৯)

মূল্য : টাকা ৪.০০